

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
কেন্দ্রীয় সচিবালয়
ওয়াপদা ভবন (২য় তলা), মতিঝিল, ঢাকা
www.bpdb.gov.bd

স্মারক নম্বর: ২৭.১১.০০০০.১০১.৫৩.০০২.২৬-৩৮৯

তারিখ: ১৮ শ্রাবণ ১৪৩৩ / ০২ আগস্ট ২০২৬

## অফিস আদেশ

আগামী ৫ আগস্ট **'জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬'** যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচীর আওতায় বিদ্যুৎ বিভাগের নির্দেশনা মোতাবেক বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সকল বিদ্যুৎ কেন্দ্র/বিতরণ অঞ্চল/প্রকল্প/দপ্তর/পরিদপ্তর/ স্থাপনাসমূহে নিম্নরূপভাবে অনুষ্ঠান আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

| | আলোচ্যসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১। | পুষ্পস্তবক অর্পণ | ৫ আগস্ট ২০২৬ তারিখে দেশের ৬৪ জেলায় আয়োজিত জুলাই শহিদ স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানে জেলা/উপজেলা প্রশাসনের সাথে সমন্বয়পূর্বক বিউবো এর আওতাধীন সকল বিদ্যুৎ কেন্দ্র/ বিতরণ অঞ্চল/প্রকল্প/দপ্তর/ পরিদপ্তর অংশগ্রহণ করবে। | সকল বিদ্যুৎ কেন্দ্র/বিতরণ অঞ্চল/প্রকল্প/দপ্তর/ পরিদপ্তর সংশ্লিষ্ট কর্তৃপক্ষ; |
| ২। | বিশেষ মোনাজাত/প্রার্থনা | ৫ আগস্ট ২০২৬ তারিখ বাদ জোহর/সুবিধাজনক সময়ে সারাদেশে জুলাই শহিদদের বিদেহী আত্মার মাগফেরাত ও জুলাই যোদ্ধাদের সুস্বাস্থ্য এবং জাতির শান্তি, সমৃদ্ধি, দেশের উন্নয়ন ও অগ্রগতি কামনা করে সংশ্লিষ্ট মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে বিশেষ মোনাজাত/প্রার্থনার আয়োজন করতে হবে। | সকল বিদ্যুৎ কেন্দ্র/বিতরণ অঞ্চল/প্রকল্প/দপ্তর/ পরিদপ্তর সংশ্লিষ্ট কর্তৃপক্ষ; |
| ৩। | প্রীতিভোজের আয়োজন | বিউবো এর আওতাধীন সকল বিদ্যুৎ কেন্দ্র/ বিতরণ অঞ্চল/প্রকল্প/দপ্তর/ পরিদপ্তর সমূহে হাসপাতাল, ডে কেয়ার ও শিশু বিকাশ কেন্দ্র যদি থাকে তাহলে সেসকল প্রতিষ্ঠানসমূহের সংশ্লিষ্ট সেবাভোগীদের জন্য প্রীতিভোজের আয়োজন করতে হবে। | সকল বিদ্যুৎ কেন্দ্র/বিতরণ অঞ্চল/প্রকল্প/দপ্তর/ পরিদপ্তর সংশ্লিষ্ট কর্তৃপক্ষ; |
| ৪। | সড়ক ও সড়কদ্বীপসমূহ সজ্জিতকরণ | ঢাকা এবং দেশের বিভিন্ন শহরের প্রধান প্রধান সড়ক ও সড়কদ্বীপসমূহ জাতীয় পতাকাসহ বিভিন্ন ব্যানার, ফেস্টুন ও রঙিন নিশান দ্বারা সজ্জিতকরণ করা হবে। সেক্ষেত্রে বিদ্যুৎ সরবরাহের প্রয়োজন হলে সংশ্লিষ্ট বিতরণ অঞ্চলসমূহ নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা নিশ্চিত করবে। | সকল বিদ্যুৎ কেন্দ্র/বিতরণ অঞ্চল/প্রকল্প/দপ্তর/ পরিদপ্তর সংশ্লিষ্ট কর্তৃপক্ষ; |
| ৫। | রচনা আবৃত্তি ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা এবং আলোচনা সভার আয়োজন | বিউবো এর আওতাধীন সকল বিদ্যুৎ কেন্দ্র/ বিতরণ অঞ্চল/প্রকল্প/দপ্তর/ পরিদপ্তর এর শিক্ষা প্রতিষ্ঠানসমূহে দিবসের তাৎপর্য তুলে ধরে রচনা, আবৃত্তি ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা এবং আলোচনা সভা আয়োজন করতে হবে। | সকল বিদ্যুৎ কেন্দ্র/বিতরণ অঞ্চল/প্রকল্প/দপ্তর/ পরিদপ্তর সংশ্লিষ্ট কর্তৃপক্ষ; |
| ৬। | জুলাই স্মৃতিস্তম্ভসমূহে আলোক সজ্জিতকরণ | ৫ আগস্ট ২০২৬ তারিখে সারাদেশে জুলাই স্মৃতিস্তম্ভে সন্ধ্যা ০৭:০০ টা হতে রাত ১১:০০ টা পর্যন্ত আলোকসজ্জার বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। সেক্ষেত্রে সার্বক্ষণিক বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা সচল রাখতে হবে। | সকল বিদ্যুৎ কেন্দ্র/বিতরণ অঞ্চল/প্রকল্প/দপ্তর/ পরিদপ্তর সংশ্লিষ্ট কর্তৃপক্ষ; |

২। উল্লিখিত সিদ্ধান্ত মোতাবেক স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে অনুষ্ঠান আয়োজনের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২.০৮.২৬

**(আফরোজা সুলতানা)**
সচিব (অতিঃ দায়িত্ব)
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা
☏: ০২-২২৩৩৮৭৩৫০
ই-মেইল: secretary@bpdb.gov.bd

স্মারক নম্বর: ২৭.১১.০০০০.১০১.৫৩.০০২.২৬-৩৮৯

তারিখ: ১৮ শ্রাবণ ১৪৩৩ / ০২ আগস্ট ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০২। সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সদস্য, প্রশাসন/অর্থ/উৎপাদন/বিতরণ/পরিকল্পনা ও উন্নয়ন/কোম্পানি অ্যাফেয়ার্স, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।
০৪। সকল প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রকল্প পরিচালক (প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী)/মহাব্যবস্থাপক/ নিয়ন্ত্রক (হিসাব ও অর্থ)/প্রধান চিকিৎসা কর্মকর্তা, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
০৫। মাননীয় বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক মন্ত্রীর একান্ত সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। চীফ স্টাফ অফিসার টু চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৭। সকল পরিচালক/ব্যবস্থাপক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
০৮। মাননীয় বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক প্রতিমন্ত্রীর ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেন্টার, বিউবো, ঢাকা (অফিস আদেশটি বিউবো' ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০। সকল উপসচিব/নির্বাহী প্রকৌশলী/উপপরিচালক/আবাসিক প্রকৌশলী, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।

০২.০৮.২৬

**(মোঃ শরিফুল আলম রিমন)**
উপসচিব (সংস্থাপন)
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা
☏: ০২-২২৩৩৮০৫২৩